

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

Email: rdokhulna@gmail.com
web : rdotekhulna.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৬৭৭)

তারিখ : ২৯/০৮/২০১৯ খ্রিঃ

প্রাপক,
প্রধান শিক্ষক,
আফিল উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়,
দৌলতপুর, খুলনা।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা ২৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

- ১। শিক্ষার্থী উপস্থিতির হার খুবই কম, নবম ২২.৫৩% এবং দশম ১৮.৯১%।
- ২। পর্যাপ্ত ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
- ৩। ওয়ার্কশপে যন্ত্রপাতির স্বল্পতা রয়েছে।
- ৪। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয় না।
- ৫। ভর্তি রেজিস্টার নেই।
- ৬। জবশীট লেখানো হয় না।
- ৭। ইয়ার প্লান নেই।
- ৮। শিক্ষার্থীদের অগ্রগতিকার্ড বিতরণ করা হয় না।
- ৯। উপস্থিতি বৃদ্ধির বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।


এমতাবস্থায় উল্লেখিত অসংগতি সমূহের ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ৭ কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), খুলনা।
- ৪। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, আফিল উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।


(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
তারিখ : ২৯/০৮/২০১৯ খ্রিঃ

(অনিমেশ পাল)
আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।